ইসলামী বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, কুষ্টিয়া-৭০০৩
ফোন : +৮৮ ০৭১-৭৪৯০৪ অফিস, (০৭১) ৭৩৪৩৩ বাসা, পিএবিএক্স: ৭৪৯১০-৭৪৯২০ এক্স. ২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০৭১-৭৪৯০৫, ই-মেইল : registrar@iu.ac.bd, web :www.iu.ac.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

নং: ২/রেজিস্ট্রার/রেজি-২০২২/ ৫৯৪ তারিখ : ০৫.০৩.২০২২

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ফাইন আর্টস বিভাগ, খেলোয়াড় কোটা এবং মুক্তিযোদ্ধা কোটায় শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২২-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত ভর্তি কমিটির ৫ম সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে GST গুচ্ছভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণকারী শিক্ষার্থীদের ইসলামী বিশ্ববিদ্যালয়ের A, B ও C ইউনিটসমূহে ভর্তির জন্য শিক্ষার্থীদের GST ভর্তি পরীক্ষার ফলাফলের মেধাক্রম ও ইসলামী বিশ্ববিদ্যালয়ে আবেদনের সময় প্রদত্ত বিষয়-পছন্দক্রম অনুসারে ফাইন আর্টস বিভাগ, খেলোয়াড় কোটা এবং মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদেরকে আগামী ০৬-০৩-২০২২ তারিখ থেকে ০৯-০৩-২০২২ তারিখের (অফিস চলাকালীন সময়ে) মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.iu.ac.bd/admission-এর মাধ্যমে জানা যাবে। খেলোয়াড় কোটা এবং মুক্তিযোদ্ধা কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীগণ বিভাগ পরিবর্তনের সুযোগ পাবে না।

১। **ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী :**

তফসিল ঃ

(১) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত মুক্তিযোদ্ধাদের নামের তালিকার আইডি নম্বর সম্বলিত সনদপত্র অথবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সাময়িক/মূল সনদপত্র কোটার আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। সেই সাথে গেজেটেড অফিসার/স্থানীয় সরকার প্রধানের নিকট থেকে শিক্ষার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রত্যয়নপত্র, সম্পর্কিত ব্যক্তিগণের জাতীয় পরিচয়পত্র এবং প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(২) খেলোয়াড় কোটায় আবেদনকারীদেরকে বাংলাদেশ জাতীয় দলের অথবা যে কোন বয়সভিত্তিক জাতীয় দলের হয়ে প্রতিনিধিত্ব করেছে এমন প্রমানপত্র অথবা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান হতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পাস করেছে এমন সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এই কোটার প্রার্থীদের প্রয়োজনে ফিল্ড টেস্টে অংশগ্রহণ করতে হবে।

(৩) কোটায় আবেদনের সমর্থনে প্রার্থী কর্তৃক দাখিলকৃত দলিলাদির যথার্থতা যাচায়ের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটি প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করবেন। এর পরেও এই বিশ্ববিদ্যালয়ে শিক্ষাজীবনের কোন পর্যায়ে দাখিলকৃত দলিলাদি মিথ্যা প্রমানিত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ছাত্রত্ব বাতিল করা হবে। সে জন্য বিভিন্ন কোটায় ভর্তির সময় ছাত্র-ছাত্রীদেরকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নির্ধারিত মানের ও নির্ধারিত ছকে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে কোটার সমর্থনে দাখিলকৃত সনদসমূহের সমর্থনে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

২। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে শিক্ষার্থীদের ভর্তির নিমিত্তে A ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তি ও আনুষঙ্গিক ফি' বাবদ ১(এক) বছরের পরিবহন ফি'সহ ৭,৮৫০/= (সাত হাজার আটশত পঞ্চাশ) টাকা, B ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তি ও আনুষঙ্গিক ফি' বাবদ ১(এক) বছরের পরিবহন ফি'সহ ৬,৩৫০/=(ছয় হাজার তিনশত পঞ্চাশ) টাকা এবং C ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তি ও আনুষঙ্গিক ফি' বাবদ ১(এক) বছরের পরিবহন ফি'সহ ৬,৮৩০/= (ছয় হাজার আটশত ত্রিশ) টাকা নির্ধারিত রশিদ বই-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি হতে হবে। এ ছাড়াও ডিনের প্রত্যয়ন ফি' বাবদ ২৫০/=(দুইশত পঞ্চাশ) টাকা, 'বিভাগের 'বিভাগ উন্নয়ন ফি' বাবদ ৩০০০/=(তিন হাজার) টাকা ও অনাবাসিক শিক্ষার্থীদের হল সংযুক্তি ও আনুষঙ্গিক ফি'বাবদ ৯১৫/=(নয়শত পনের) টাকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক জমা দিতে হবে।

৩। **শিক্ষার্থীদের জ্ঞাতব্য বিষয় :**

সংশ্লিষ্ট শিক্ষার্থীদের আবেদনপত্রের সাথে (১) পাসপোর্ট আকারের ২(দুই) কপি সত্যায়িত ছবি আরো ৪(চার) কপি ছবি অন্য অফিসে জমা দেওয়ার জন্য সাথে রাখতে হবে (২) মাধ্যমিক/সমমান,উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার পাশের সনদ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট-এর প্রত্যেকটির এক কপি সত্যায়িত অনুলিপি (৩) জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি (৪) পিতা মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং (৫) অভিভাবকের আয়ের সনদপত্রের কপি সংযুক্ত করতে হবে।

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রত্যেককে আবেদন পত্রের সাথে অবশ্যই তাদের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট (ফেরৎযোগ্য) আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। মূল সনদপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ব্যতীত কোন ছাত্র-ছাত্রীকে ভর্তির অনুমতি দেওয়া হবে না। উল্লেখ্য, এ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার পর যদি কোন শিক্ষার্থীর দাখিলকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসা পত্র, সনদ পত্র (যে কোন ধরণের সনদ পত্র) ইত্যাদি অসত্য বলে প্রমাণিত হয় তবে অত্র বিশ্ববিদ্যালয় হতে তার ভর্তি বাতিল করা হবে।

০৫.০৩.২০২২
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।

বাচাইকৃত খেলোয়াড় ছাত্র-ছাত্রীদের তালিকা নিম্নরূপঃ

নং	ছাত্র/ছাত্রীর নাম	ইউনিট রোল	প্রাপ্ত নম্বর	কোটার রোল	ভর্তির বিভাগ	ইভেন্ট	মন্তব্য
০১	Md. Redowanur Rahman S/O Md. Shofiqur Rahman	এ-১৭২৪৬০	৩৯.৬২	০৫	ইংরেজি	ভলিবল	সদস্য, বাংলাদেশ ভলিবল দল
০২	Md. Asaduzzaman S/O Md. Golam Mortoza	বি- ৩০৫৬৬১	২৪.৮৫	২৮	ইসলামের ইতিহাস	হ্যান্ডবল	সদস্য, বাংলাদেশ হ্যান্ডবল দল
০৩	Md. Sohel Rana S/O Md. Abdul Jalil	বি-৩৩৯১৬১	১৪.৫০	০৩	রাষ্ট্রবিজ্ঞান	এ্যাথলেটিকস্	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান ও জাতীয় দল
০৪	Md .Jayed Hassan Md.Robiul Hassan	বি-২৫৫০০৯ 325009	৩২.১৬	০৪	আইন	ভলিবল	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান ও জাতীয় দল
০৫	Md. Shamim Parvej S/O Md.Akkas Ali	বি-৩০৫৭০৬	৩৯.৬৯	২১	রাষ্ট্রবিজ্ঞান	ক্রিকেট	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান
০৬	Muftain Ahammed S/O Md. Moshiur Rahman	বি-৩০৫৭১২	৩৩.৮৭	২৪	ইসলামের ইতিহাস	বাস্কেটবল	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান
০৭	Md. Ashikuzzaman S/O Md Nadiruzzaman	বি- ৩৬৩৬২২	২৪.০১	২৯	ইসলামের ইতিহাস	ক্রিকেট	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান
০৮	Tamanna Sharmin S/O Abdul Matin	বি- ১১৪৭৮ 324859	০২.৫০	০৯	ইসলামের ইতিহাস	ক্রিকেট	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান
০৯	Md. Faisal S/O Md.Mostofa	এ-৩১২৮১৮৫	১৬.৭৫	১০	সিএসই	ক্রিকেট	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান
১০	Md. Limon Hossen S/O Md.Motiur Rahman	বি- ৩৩৭৬১৩	৩৬.৯৭	১৪	রাষ্ট্রবিজ্ঞান	এ্যথলেটিকস্	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

সিদ্ধান্ত-৪

অনেকক্ষেত্রে খেলোয়াড়রা ভর্তি হওয়ার পর কেউ কেউ বিশ্ববিদ্যালয়ের হয়ে আন্ত:বিশ্ববিদ্যালয় ও জাতীয় প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের পক্ষে অংশগ্রহণ করে না। নিয়মিতভাবে খেলার বিষয়টি নিশ্চিত করার জন্য ৩০০/- (তিনশত) টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ক্ষেত্রে বাছাইকৃত খেলোয়াড় শর্ত ভঙ্গ করলে বিশ্ববিদ্যালয় বিধি মোতাবেক ভর্তি বাতিলসহ যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

10.02.2022

(প্রফেসর ড. খন্দকার তৌহিদুল আনাম)
আহবায়ক
খেলোয়াড় ভর্তি কমিটি ২০২০-২০২১ শিক্ষা বর্ষ
ও
প্রফেসর
আইন বিভাগ
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া

(ড. মোহাম্মদ সোহেল)
সদস্য-সচিব
খেলোয়াড় ভর্তি কমিটি ২০২০-২০২১ শিক্ষা বর্ষ
ও
পরিচালক
শারীরিক শিক্ষা বিভাগ
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া